

শিক্ষামন্ত্রী কমনওয়েলথ ওয়ার্কিং গ্রুপের সদস্য নির্বাচিত

যায়যায় রিপোর্ট

জাতিসংঘে উপস্থাপনের লক্ষ্যে সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রায় (এমডিজি) সবার জন্য শিক্ষা কর্মসূচি এবং ১৮তম কমনওয়েলথ শিক্ষামন্ত্রী সম্মেলনের গৃহীত শিক্ষা কর্মসূচির বাস্তবায়ন কৌশলপত্র, পরিকল্পনা ও সুপারিশমালা প্রণয়নের লক্ষ্যে ১৩ সদস্য বিশিষ্ট কমনওয়েলথ মিনিষ্টেরিয়াল ওয়ার্কিং গ্রুপ গঠন করা হয়েছে। বাংলাদেশের শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদকে এ কমিটির অন্যতম সদস্য নির্বাচিত করা হয়েছে।

বাংলাদেশ ছাড়াও অন্যান্য সদস্য রাষ্ট্রগুলো হলো কুৱেজিস, সর্হিপ্রাস, ভারত, কেনিয়া, মালদ্বি, মরিশাস, নাইজেরিয়া, পাপুয়া নিউগিনি, সিসিলিস, সিয়েরালিওন, তাম্বানিয়া ও উগান্ডা। এ কমিটির সদস্যরা অর্ন্তলগ্নে যোগাযোগের মাধ্যমে নিম্নলিখিত কাজ শুরু করবেন বলে জানা গেছে। আগামী নভেম্বরে তারা এক সভায় মিলিত হয়ে কর্মকৌশল, পরিকল্পনা ও সুপারিশমালা তৈরি করবেন এবং পরবর্তীতে তা জাতিসংঘে প্রেরণ করা হবে। বাংলাদেশ এর প্রতিটি কাজে সক্রিয়ভাবে অংশগ্রহণ করবে। কমনওয়েলথ সদস্য দেশের ৩ জন বিশেষজ্ঞ কর্মকর্তা এ কমিটিকে সব ধরনের সহায়তা প্রদান করবেন।

প্রসঙ্গত, সম্মেলনে বিশ্বের কমনওয়েলথভুক্ত ৫৭টি দেশের শিক্ষামন্ত্রীরা যোগ দিয়েছেন। এবারের সম্মেলনের উপপাদ্য হচ্ছে 'কমনওয়েলথ শিক্ষা: আন্তর্জাতিকভাবে স্বীকৃত লক্ষ্যগুলো অর্জন ত্বরান্বিতকরণে সেতুবন্ধন'।

একটি যুক্ত ইশতেহার ঘোষণার মাধ্যমে এবারের সম্মেলন শেষ হয়েছে। ইশতেহারে শিক্ষার মাধ্যম হিসেবে মাতৃভাষাকে অগ্রাধিকার দেয়ার পাশাপাশি ইংরেজি ভাষার ওপর গুরুত্ব দেয়া হয়েছে।